


## করোনার নতুন আতঙ্ক 'এরিস', জিনোম সিকুয়েন্স পরীক্ষার নির্দেশ

- A Monitor Desk Report

Date: 22 August, 2023



অমিক্রন করোনাভাইরাসের নতুন ভেরিয়েন্ট 'এরিস' যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্যসহ বেশ কয়েকটি দেশে ছড়িয়ে পড়ছে। এ ভেরিয়েন্টের সংক্রমণে অনেকে হাসপাতালে ভর্তি করতে হয়েছে। করোনার নতুন এ ভেরিয়েন্টটি দ্রুত ছড়ায় বলেও জানিয়েছেন বিজ্ঞানীরা। এমন অবস্থায় বিশ্ব জুড়ে এরিস নিয়ে উদ্বেগ বাড়ছে।

ব্রিটেনের হেলথ সিকিউরিটি এজেন্সির সূত্রের খবরের বরাত দিয়ে ভারতের একটি সংবাদ মাধ্যম জানায়, ইজি ৫.১ বা এরিস খুব দ্রুত ছড়ায়। সেখানে এক সপ্তাহেই এরিস আক্রান্তের হার ১৪ শতাংশ ছাড়িয়ে গেছে। করোনা আক্রান্ত ৪ হাজার মানুষের নমুনা পরীক্ষা করে দেখা গেছে খুব দ্রুত ছড়াতে পারে এই ভেরিয়েন্ট। এর সংক্রমণের হারও অনেক বেশি।

ভারতের কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রণালয়ের বরাত দিয়ে সংবাদ মাধ্যমটির খবরে বলা হয়, গত ২৪ ঘণ্টায় ভারতে ৫৪ জনের নতুন করে সংক্রমণ চিহ্নিত করা হয়েছে। এছাড়া এমন পরিস্থিতিতে প্রধানমন্ত্রীর দপ্তরের সঙ্গে জরুরি বৈঠক করেছে ইন্ডিয়ান কাউন্সিল অব মেডিকেল রিসার্চের (আইসিএমআর) উচ্চপদস্থ কর্তারা। এরিস থেকে বাঁচতে সতর্ক থাকতে হবে রাজ্যগুলোকে। এছাড়া সব রাজ্যে করোনার নতুন ভেরিয়েন্টের জিনোম সিকুয়েন্স পরীক্ষা করার পরামর্শ দিয়েছেন।

এদিকে বিশেষজ্ঞরা বলছেন, এরিস থেকে সুরক্ষার জন্য এখন 'বুস্টার শট' নেওয়া খুব জরুরি।

জানা গেছে, আগামী মাস থেকে যুক্তরাষ্ট্রে স্বাস্থ্যসেবা প্রদানকারী সংস্থা ও ফার্মেসিগুলো অমিক্রনের নতুন ধরনের বিরুদ্ধে লড়াই করতে টিকা দেওয়া শুরু করবে।

**আরও পড়ুন:** [ব্রিটেনে করোনার নতুন ভ্যারিয়েন্টে যেসব উপসর্গ দেখা যাচ্ছে](#)

এর আগে বার্তাসংস্থা জানিয়েছে, করোনাভাইরাসের ইজি.৫.১ ভ্যারিয়েন্টটি এরিস নামে পরিচিত এবং এটি করোনার আরেক রূপ ওমিক্রন

থেকে এসেছে। গত মাসে যুক্তরাজ্যে করোনার এই ধরনটি প্রথম শনাক্ত হয়।

সংবাদমাধ্যম বলছে, যুক্তরাজ্যে কোভিডের নতুন আতঙ্ক হয়ে উঠছে নয়া ভ্যারিয়েন্ট এরিস। গত ৩ জুলাই কোভিডের নতুন এই স্ট্রেনের খোঁজ পাওয়া যায়। বর্তমানে মোট কোভিড আক্রান্তের মধ্যে ১৪ শতাংশ ভাইরাসের এই ধরনে আক্রান্ত।

**-B**